

“ছেলে হোক, মেয়ে
হোক,
দু’টি সন্তানই যথেষ্ট”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
এমআইএস ইউনিট
www.dgfp.gov.bd

নম্বর: ৫৯.১১.০০০০.৪০১.৯৯.০০২.২৩.২৯০

তারিখ: ১০ শ্রাবণ ১৪৩০
২৫ জুলাই ২০২৩

অফিস আদেশ

বিষয়ঃ জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় থেকে এমআইএস ফরম ৫ প্রেরণ সংক্রান্ত।

বর্তমানে লক্ষ্য করা যাচ্ছে যে, মাঠ পর্যায়ে জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় থেকে এমআইএস ফরম ৫ প্রেরণে যথেষ্ট বিলম্ব হচ্ছে। এতে মাসিক ও বাৎসরিক অগ্রগতি প্রতিবেদন প্রণয়নে অনাকাঙ্ক্ষিত বিলম্ব হচ্ছে।

জাতীয় পর্যায়ে সময়ানুগ অগ্রগতির চিত্র পাওয়ার লক্ষ্যে নিম্নবর্ণিত সময়সীমা অনুযায়ী জেলা কার্যালয় সমূহকে প্রতি মাসের রিপোর্ট (এমআইএস ফরম ৫) পরবর্তী মাসের পঞ্চম কর্ম দিবসের মধ্যে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

মাঠ পর্যায় থেকে এম আই এস ফরম ১,২,৩,৪ ও ৫ প্রেরণের সময়সীমাঃ

পদবী	দায়িত্ব	দাখিলের সময়সীমা
পরিবার কল্যাণ সহকারী	এমআইএস ফরম ১ পরিবার পরিকল্পনা পরিদর্শকের নিকট প্রদান	প্রতিবেদন মাসের শেষ কর্ম দিবস
পরিবার পরিকল্পনা পরিদর্শক	এমআইএস ফরম ২ উপজেলায় রিপোর্টিং সংশ্লিষ্ট কর্মচারীকে প্রদান	পরবর্তী মাসের প্রথম কর্ম দিবস
উপ সহকারী কমিউনিটি মেডিক্যাল অফিসার/ পরিবার কল্যাণ পরিদর্শিকা/ফার্মাসিস্ট	এমআইএস ফরম ৩ উপজেলায় রিপোর্টিং সংশ্লিষ্ট কর্মচারীকে প্রদান	পরবর্তী মাসের প্রথম কর্ম দিবস
উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও মেডিক্যাল অফিসার (এমসিএইচ)	এমআইএস ফরম ২ ও ৩ কম্পাইল করে এমআইএস ফরম ৪ জেনারেট করা	পরবর্তী মাসের তৃতীয় কর্ম দিবস
উপ পরিচালক	এমআইএস ফরম ৫ অনুমোদন ও প্রেরণ	পরবর্তী মাসের পঞ্চম কর্ম দিবস

এমআইএস থেকে সংশোধনের জন্য উপজেলায় ফেরত পাঠানো রিপোর্ট দুই কর্ম দিবসের মধ্যে সংশ্লিষ্ট উপজেলা থেকে জেলায় প্রেরণ করতে হবে। এবং জেলা কার্যালয় সেটা ১ দিনের মধ্যে প্রেরণ করবেন।

উল্লেখিত সময়সীমার মধ্যে রিপোর্ট প্রদানে ব্যর্থতার কারণে জাতীয় পর্যায়ে প্রতিবেদন প্রণয়নে বিলম্ব হলে সংশ্লিষ্ট কর্মকর্তা দায়ী থাকবেন।

চলতি জুলাই/২০২৩ মাস থেকে এ সময়সীমা অনুসরণ করতে হবে।

মহাপরিচালক মহোদয় এর অনুমোদন ক্রমে।

২৫-৭-২০২৩

সাবিনা পারভীন

পরিচালক ও লাইন ডাইরেক্টর (এমআইএস)

ফোন: ৫৫০১২৩৫২

ইমেইল: dirmis@dgfp.gov.bd

নম্বর: ৫৯.১১.০০০০.৪০১.৯৯.০০২.২৩.২৯০/১(৬০)

তারিখ: ১০ শ্রাবণ ১৪৩০

২৫ জুলাই ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) উপপরিচালক, পরিবার পরিকল্পনা (সকল), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, ----- জেলা।
- ২) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সকল উপজেলা।
- ৩) স্টাট লিপিকার কাম কম্পিউটার অপারেটর, মহাপরিচালকের দপ্তর, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।

২৫-৭-২০২৩

মেহবুব মোর্শেদ

উপপরিচালক ও প্রোগ্রাম ম্যানেজার

(এমআইএস)